

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯০৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৩. দ্বিতীয় অনুচ্ছেদ - বংশগৌরব ও পক্ষপাতিত্ব

### আরবী

رُعُن

سُراقَة بن مالكِ بن جُعْشُم قَالَ: خَطَبَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «خير كم الْمُدَافِعُ عَنْ عَشِيرَتِهِ مَا لَمْ يَأْتُمْ» . رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

৪৯০৬-[১৪] সুরাকাহ্ ইবনু মালিক ইবনু জু'শুম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাদের উদ্দেশে ভাষণ দিলেন এবং বললেনঃ তোমাদের মধ্যে উত্তম সেই ব্যক্তি, যে নিজে অপরাধ না করা পর্যন্ত নিজের গোত্রের অন্যায়-অত্যাচার দমন করে। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] মাওয্'/জাল : আবূ দাউদ ৫১২০।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, আবূ দাউদ (রহিমাহুল্লাহ) নিজেই বলেছেন ''আইয়ূব ইবনু সুওয়াইদ'' নামের বর্ণনাকারী য'ঈফ। য'ঈফুল জামি' ২৯১৫, সিলসিলাতুয্ য'ঈফাহ্ ১৮২, শু'আবুল ঈমান ৭৯৮৪, আল মু'জামুল আওসাত্ব ৬৯৯৩, আল মু'জামুস্ সগীর লিত্ব ত্ববারানী ১০২০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (اَعَ لَمْ يَأْتُمْ) যে ব্যক্তি গোত্রীয় অন্যায়-অত্যাচার দমন করতে গিয়ে নিজেই যদি কোন অপরাধ করে বসে, তবে সে ব্যক্তি উত্তম নয়। অতএব জুলুম অন্যায় দমন করতে গিয়ে যতক্ষণ পর্যন্ত সে এ দমন কার্যে অপরাধ না করবে, ততক্ষণ সে উত্তম ব্যক্তি বলে বিবেচিত হবে। ('আওনুল মা'বূদ ৮ম খন্ড, হাঃ ৫১১১)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সুরাকাহ্ ইবনু মালিক ইবনু জু'শুম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন